8 JAN 2017

# হাকিমপুরে ৩৫ সর. প্রা. স্কুলে শিক্ষকের পদ শূন্য!

প্রতিনিধি, হাকিমপুর (দিনাজপুর)

দিনাজপুরের হাকিমপুরে সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো শিক্ষক সংকটে ভুগছে। এতে বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে।

উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, উপজেলার ৪৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩৫ জন শিক্ষকের পদ শূন্য রয়েছে। এর মধ্য ১৪ জন প্রধান শিক্ষক ও ২১ জন সহকারী শিক্ষকের পদ শূণ্য রয়েছে। ১৪ টি বিদ্যালয়ে দীর্ঘদিন থেকে প্রধান শিক্ষক না থাকায় ওই বিদ্যালয়গুলো চলছে ভারপ্রাপ্ত প্রধান দিয়ে। বিদ্যালয়গুলো ঘুরে দেখা গেছে, সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত শিক্ষকদের ক্লাস নিতে হয়। এর মধ্যে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকরা দাপ্তরিক কাজে উপজেলা শিক্ষা অফিস বা জেলা শিক্ষা অফিসে গেলে অন্য শিক্ষকের উপর ক্লাসের চাপ বাড়ে। দেবখণ্ডা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একজন প্রধান শিক্ষক ও তিনজন সহকারী শিক্ষক, নয়ানগর সরকারি প্রথমিক বিদ্যালয়ে একজন প্রধান শিক্ষক ও দু'জন সহকারী, সাধুরিয়া, বিশাপাড়া ও মনসাপুর প্রাথমিকে ৩ জন করে সহকারী শিক্ষকের পদ শূন্য। এতে ওই বিদ্যালয়গুলোতে পাঠদান মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। এ ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসার মো. মাযহারুল ইসলাম জানান, শিক্ষক কম থাকলে একটু পাঠদান তো ব্যাহত হবেই। তাছাড়া পাঠদানে বড় ধরনের কোন সমস্যা হচ্ছে না।